ইত্তেফাক

তারিখ 16/1/79
পৃষ্ঠা 5 কলাম 1



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# শিক্ষা মন্ত্রণালয়

নং এস ৬/১ ৪৬/৭৮-শিক্ষা। তারিখ, ৯ই জানুয়ারী, ১৯৭৯

বিষয় : সোভিয়েট সরকার কর্তৃক বাংলাদেশকে ১৯৭৯-৮০ শিক্ষা বৎসরের জন্য ৩০টি স্নাতকোত্তর স্কলারশীপের প্রস্তাব

সোভিয়েট সরকার বাংলাদেশকে নিম্নোক্ত বিষয়সমূহের উপর ৪ বৎসর মেয়াদী ৩০টি স্নাতকোত্তর স্কলারশীপের প্রস্তাব দিয়াছেন :

| অধ্যয়নের বিষয় | স্কলারশীপের সংখ্যা |
|---|---|
| ১) ইঞ্জিনিয়ারিং | ৬ |
| ২) কৃষি | ৪ |
| ৩) প্রাকৃতিক বিজ্ঞান | ৪ |
| ৪) বায়োলজিক্যাল সাইন্স | ৪ |
| ৫) অর্থনীতি | ২ |
| ৬) চিকিৎসা বিজ্ঞান | ২ |
| ৭) রাশিয়ান ভাষা | ১ |
| ৮) পরিসংখ্যান | ২ |
| ৯) লেদার টেকনোলজি | ২ |
| ১০) টেক্সটাইল টেকনোলজি | ২ |
| ১১) গ্রাফিক আর্টস | ১ |
| মোট : | ৩০ |

২। যোগ্যতা :

ক) চিকিৎসা বিজ্ঞানের জন্য : এসএসসি অথবা এইচএসসি পরীক্ষায় ন্যূনতম ১টি ১ম বিভাগ এবং কোন তৃতীয় বিভাগ ছাড়া এমবিবিএস (রেগুলার)।

খ) ইঞ্জিনিয়ারিং-এর জন্য : বি,এসসি'তে (ইঞ্জিনিয়ারিং) ১ম শ্রেণীর ডিগ্রী। এসএসসি অথবা এইচএসসি পর্যায়ে ন্যূনতম একটি ১ম বিভাগ এবং কোন তৃতীয় বিভাগ নহে।

গ) প্রাকৃতিক বিজ্ঞান, বায়োলজিক্যাল সাইন্স, কৃষি, অর্থনীতি ও পরিসংখ্যানের জন্য : মাষ্টার্স ডিগ্রী। এসএসসি অথবা এইচএসসি পর্যায়ে ন্যূনতম একটি ১ম বিভাগ এবং অনার্স অথবা মাষ্টার্স-এর যে কোনটিতে একটি ১ম শ্রেণী। কোন পর্যায়েই তৃতীয় বিভাগ থাকিতে পারিবে না।

ঘ) টেক্সটাইল, লেদার টেকনোলজি ও গ্রাফিক আর্টস-এর জন্য : ১ম বিভাগসহ সংশ্লিষ্ট বিষয়সমূহে ডিপ্লোমা।

ঙ) রাশিয়ান ভাষার জন্য : রাশিয়ান ভাষায় ডিপ্লোমাসহ ন্যূনতম গ্রাজুয়েশন ডিগ্রী।

৩। প্রার্থীদেরকে অবশ্যই অনধিক ৩৫ বৎসর বয়স্ক হইতে হইবে।

৪। অভিজ্ঞতা : সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থাসমূহে অন্যূন ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের আবেদন করা নিষ্প্রয়োজন।

৫। নির্বাচিত প্রার্থীদেরকে ভ্রমণ ব্যয় বহন করিতে হইবে।

৬। বাংলাদেশের প্রকৃত আবাসিক নাগরিকদের নিকট হইতে উপরোক্ত স্কলারশীপসমূহের জন্য সাদা কাগজে নিম্নোক্ত তথ্যাদিসহ দরখাস্ত আহ্বান করা যাইতেছে :

১) নাম :

২) পিতার নাম :

৩) বয়স : ১-১-১৯৭৯ তারিখ মোতাবেক বৎসর-মাস-দিন :

৪) স্থায়ী ঠিকানা :

৫) ডাক যোগাযোগের ঠিকানা :

৬) টেলিফোন নং (যদি কেহ থাকেন) :

৭) নিজ জেলার নাম (একজন গেজেটেড অফিসার কর্তৃক সার্টিফাইকৃত) :

৮) বৈবাহিক অবস্থা :

৯) বর্তমান-চাকুরী (যদি থাকে) :

১০) পূর্ববর্তী কোন বিদেশী প্রশিক্ষণ/বিদেশ ভ্রমণের বিস্তারিত বিবরণ, যদি থাকে :

১১) প্রস্তাবিত অধ্যয়ন ক্ষেত্র :

১২) বিস্তারিত শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণী | পরীক্ষা বৎসর | পাসের | নম্বরের শতকরা হার |
|---|---|---|---|---|

৭। বিভাগীয় প্রার্থীদেরকে যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৮। দরখাস্ত দাখিলের শেষ তারিখ : ২২-১-১৯৭৯।

৯। দরখাস্তের সহিত পাসপোর্ট সাইজের ফটো (একটি) এবং সার্টিফিকেট/ মার্কশীটসমূহ ইত্যাদির সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

১০। অসম্পূর্ণ দরখাস্ত কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই প্রত্যাখ্যান করা হইবে।

(এম, সাদেক আলী)
সহকারী শিক্ষা উপদেষ্টা,
টেলিফোন নং ২৪৬৯৩৮।

তবম—১৩৯
স—৭৩